

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)এর
উদ্ভাবনী বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিন তৈরি

Success Story

১. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নামঃ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), চট্টগ্রাম।
২. সংক্ষিপ্ত শিরোনামঃ বিটাক, চট্টগ্রাম কেন্দ্রের জন্য একটি বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিন তৈরি।
৩. সমস্যা কি ছিলঃ বিটাক, চট্টগ্রাম কেন্দ্রে খালি জায়গায় প্রচুর ঘাস হয়। ঘাস কাটার জন্য প্রায় সময় শ্রমিক প্রয়োজন হয়, যাতে বৎসরে অনেক অর্থের অপচয় হয়। বাজারে প্রাপ্য ঘাস কাটার মেশিনটি (পেট্রোল চালিত) ব্যয় বহুল এবং অপারেটিং খরচও অনেক বেশি।
৪. কি ভাবে সমস্যাটির সমাধান করা হয়েছেঃ বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিনটি বিটাকে তৈরী করা সম্ভব কিনা তা বিটাক, চট্টগ্রাম কেন্দ্রে ২০২০ জানুয়ারী মাসে সভা অনুষ্ঠিত হয় এবং সভায় ২০২০-২০২১ অর্থ বছরে উক্ত ঘাস কাটার মেশিন আর.এন্ড.ডি. এর মাধ্যমে তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. সমস্যা সমাধানে উদ্ভাবন কি ছিলঃ সম্পূর্ণ নতুন প্রযুক্তিতে বিটাকের আর.এন্ড.ডি.'র মাধ্যমে বিটাক, চট্টগ্রাম কেন্দ্রে বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিন তৈরী।
৬. বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা কি ছিলঃ দৈনিক মজুরীর মাধ্যমে ঘাস কাটাতে মাসে প্রায় ১২,০০০.০০ হতে ১৫,০০০.০০ টাকা শ্রমিক মজুরী লাগতো।
৭. জনগনের সেবা প্রদানে কি ভাবে এটি ভূমিকা রাখছেঃ বাজারে প্রাপ্য (বিদেশী) মেশিনটির চেয়ে দাম অনেক কম এবং অপারেটিং খরচও অনেক কম। কৃষি ক্ষেত্রেও মেশিনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
৮. উদ্ভাবনটি তে কি শিক্ষণীয় রয়েছেঃ বাজারে পেট্রোল/ডিজেল চালিত ঘাস কাটার মেশিন পাওয়া যায় তার আনুমানিক মূল্য ২২,০০০.০০ – ২৫,০০০.০০ টাকা। বিটাক, চট্টগ্রাম তৈরীকৃত ঘাস কাটা মেশিনের মূল্য বাজার মূল্যের চার ভাগের এক ভাগ (৬,০০০.০০ টাকা) এবং অপারেটিং খরচ ঘন্টায় ৬.০০ টাকা। এক ঘন্টায় ৫০০০ বর্গফুট জমির ঘাস কাটা সম্ভব। কারিগরি জ্ঞান সম্পন্ন ব্যক্তি ৫ দিন প্রশিক্ষণ নিলে উক্ত মেশিনটি তৈরী করতে সক্ষম হবে।
৯. উদ্ভাবনটির রিপলিকেশন/স্কেল-আপ বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছেঃ বিটাক, চট্টগ্রাম কেন্দ্রের তৈরীকৃত বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিনটি দিয়ে অতিদ্রুত একজন শ্রমিক দিয়ে ঘাস কাটা সম্ভব হচ্ছে। যার পরিপ্রেক্ষিতে সময় ও অর্থের সাশ্রয় হচ্ছে।

স্বাক্ষর:

নাম :পবিত্র কুমার কবিরাজ

পদবী :অতিরিক্ত পরিচালক,বিটাক, চট্টগ্রাম।